

# নারীশ্রমিক কণ্ঠ

প্রেস বিজ্ঞপ্তি

তারিখ: ১ ডিসেম্বর, ২০২২

নারীশ্রমিকদের প্ল্যাটফর্ম নারীশ্রমিক কণ্ঠের আন্তর্জাতিক নারী নির্যাতন প্রতিরোধ পক্ষ, ২০২২ পালন

## নারীর জন্য কর্মক্ষেত্র ও চলাচল হোক ঝুঁকিমুক্ত, সহিংসতামুক্ত এবং নিরাপদ

আজ ১ ডিসেম্বর, ২০২২ আন্তর্জাতিক নারী নির্যাতন প্রতিরোধ পক্ষ, ২০২২ পালন উপলক্ষে নারীশ্রমিক কণ্ঠ ‘নারীর জন্য কর্মক্ষেত্র ও চলাচল হোক ঝুঁকিমুক্ত, সহিংসতামুক্ত এবং নিরাপদ’ এই প্রতিপাদ্য নিয়ে মিরপুর-১০-এ আইডিয়াল ল্যাবরেটরি স্কুলের সামনে একটি মানববন্ধনের আয়োজন করে।

নারীশ্রমিক কণ্ঠের সদস্য এবং বাংলাদেশ জাতীয়তাবাদী শ্রমিক দলের সহ-সম্পাদিকা শ্রমিক নেত্রী হামিদা খাতুনের সভাপতিত্বে মানববন্ধনে বক্তব্য রাখেন: শাহিন আক্তার পারভীন, সাংগঠনিক সম্পাদক, জাতীয় শ্রমিক জোট বাংলাদেশ; শাহনাজ আক্তার, সাধারণ সম্পাদক, পোশাক শিল্প শ্রমিক ফেডারেশন; কর্মজীবী নারীর সমন্বয়ক হাছিনা আক্তার ও ট্রেনিং কর্মকর্তা হুরমত আলী প্রমুখ। মানববন্ধনটি পরিচালনা করে কামরুন নাহার, সদস্য, নারীশ্রমিক কণ্ঠ এবং সাধারণ সম্পাদক, প্রগতিশীল গার্মেন্টস শ্রমিক ফেডারেশন।

বক্তারা বলেন, সম্ভাবনাময় বাংলাদেশের অর্থনীতির উন্নয়নে পুরুষের পাশাপাশি নারীরাও সমানভাবে অবদান রেখে চলেছে। তৈরি পোশাক খাত, অভিবাসী ও কৃষির অগ্রগতি নারীর হাত দিয়ে এগিয়ে যাচ্ছে। আজ আমরা দেখতে পাই, নারীরা আত্মনির্ভরশীল হওয়ায় জন্য পরিবারে দায়িত্ব পালনের পাশাপাশি অর্থনৈতিক কর্মকাণ্ডে আত্মনিয়োগ করছে। নারীরা প্রমাণ রাখছে আমরাও পারি। কিন্তু পরিতাপের বিষয় হলো নারীর প্রতি নির্যাতন, সহিংসতা, যৌন হয়রানি নারীর উন্নয়নকে বাধাগ্রস্ত করছে। পরিবারে, রাস্তা-ঘাটে-পরিবহনে-কর্মক্ষেত্রে নারীরা নির্যাতিত হচ্ছে। কন্যাশিশু নির্যাতনও বেড়ে যাচ্ছে। নেতৃত্বদান নারীর সমতা ও মর্যাদা প্রতিষ্ঠায় বাংলাদেশ সংবিধানের আলোকে নারীর সমান অধিকার নিশ্চিত করতে রাষ্ট্রীয় অঙ্গীকারের যথাযথ প্রয়োগের দাবি করেন এবং নারীশ্রমিক নির্যাতন ও হয়রানি বন্ধে আইএলও কনভেনশন, ১৯০ অনুসমর্থনের দাবি জানায়। নেতৃত্বদান আরও বলেন, নারীর প্রতি নির্যাতন ও হয়রানি বন্ধে নারীদের যোগ্য করে তুলতে হবে, সর্বস্তরে এক-তৃতীয়াংশ নারীপ্রতিনিধিত্ব নিশ্চিত করতে হবে।

‘নারীশ্রমিক কণ্ঠ’ প্রায় ২০টি শ্রমিক সংগঠন নিয়ে গঠিত নারীশ্রমিকদের অধিকার সুরক্ষা ও নেতৃত্ব প্রতিষ্ঠার লক্ষ্যে একটি ঐক্যবদ্ধ নেটওয়ার্ক। ‘কর্মজীবী নারী’ এই সংগঠনের সচিবালয় হিসেবে কাজ করছে।

নারীশ্রমিক কণ্ঠের দাবি:

১. নারীনির্যাতনকারীর দৃষ্টান্তমূলক শাস্তি নিশ্চিত কর
২. নির্যাতিতদের সঠিক বিচার পেতে আইনী প্রক্রিয়া সহজ কর
৩. নারীর প্রতি নেতিবাচক দৃষ্টিভঙ্গি দূর কর
৪. নারী ও শিশুর উপর সহিংসতা প্রতিরোধ ও প্রতিকার করতে প্রচলিত দুর্বল বা ত্রুটিপূর্ণ আইনের সংস্কার এবং যুগোপযোগী নতুন আইন প্রণয়ন কর।
৫. আইনজীবীদের অপরাধীর পক্ষে না দাঁড়ানো
৬. আইএলও কনভেনশন ১৯০ অনুসমর্থন কর

হাছিনা আক্তার

সমন্বয়ক

কর্মজীবী নারী

যোগাযোগ: হাছিনা আক্তার (০১৭১২-৪৭৯৫০১)